

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৩৬

আগরতলা, ৮ জুলাই, ২০২৪

ডনবস্কো বিদ্যালয়ের রৌপ্যজয়ন্তী অ্যানেক্স বিল্ডিং'র উদ্বোধন
সমাজ গঠনে শিক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : রাজ্যপাল



সমাজ গঠনে শিক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সৌহার্দপূর্ণ ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে শিক্ষার বিরাট অবদান রয়েছে। আজ সকালে নন্দননগরে ডনবস্কো বিদ্যালয়ের রৌপ্যজয়ন্তী অ্যানেক্স বিল্ডিং'র উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু একথা বলেন। তিনি বলেন, শিক্ষা শুধু নিজেকে স্বাবলম্বী হওয়ার রাস্তাই দেখায় না সমাজের জন্য কিভাবে কাজ করতে হয় তার পথও নির্দেশ করে। অনুষ্ঠানে রাজ্যপাল বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে ডনবস্কো বিদ্যালয়ের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

ডনবস্কো বিদ্যালয়ে এসে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীকক্ষ ঘুরে দেখেন এবং ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে মত বিনিময় করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ডনবস্কো স্কুলের অধ্যক্ষ ফাদার সেবাস্তেনিয়ান প্লেটে বিদ্যালয়ের লেখাপড়ার ও সামাজিক কর্মকাণ্ডের চিত্র তুলে ধরেন। ধন্যবাদ জ্ঞাপন করে বিদ্যালয়ের ছাত্র নয়জা দাসগুপ্ত। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
